## মাহফিল উপলক্ষে প্রস্তুতি সভা

আল-হাসনাইন মিশন বাংলাদেশ এর উদ্যেগে আগামী ১৫ সেপ্টেম্বর আহলে বায়তে রাসুল (সাঃ) স্মরণে পবিত্র শাহদাতে কারবালা মাহফিল উদযাপন উপলক্ষে এক প্রস্তুতি সভা হালিশহর বশির ভাণ্ডার দরবারস্থ সংগঠনের কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। সংগঠনের সভাপতি শাহজাদা মোহাম্মদ মঈনুদ্দিন আল-সাঞ্জারীর সভাপতিত্বে ও মোহাম্মদ শহিদ উদ্দিনের সঞ্চালনায় এতে প্রধান অতিথি ছিলেন আস্তানায়ে জহির ভান্ডারের সাজ্জাদানশীন পীরজাদা মুহাম্মদ মহরম হোসাইন মাইজভাণ্ডারী। বক্তব্য রাখেন হাসান সওদাগর, মোহাম্মদ আবু তাহের, আলী আজগর মুন্না, হাফেজ আব্দুল কাদের, ইসলাম চৌধুরী তারেক, আবুল হোসেন, আলী নেওয়াজ মুন্না, শায়ের মোহাম্মদ হাসান রেয়া প্রমুখ। প্রেস বিজ্ঞপ্তি।



...র এনেছে ইলেকট্রনিকস ব্র্যান্ড ভিশন

## চট্টগ্রামে আরো ২৪ ডেঙ্গু রোগী শনাক্ত

আজাদী প্রতিবেদন

মহানগরসহ চট্টগ্রাম জেলায় গত ২৪ ঘন্টায় আরো ২৪ জন ডেঙ্গু রোগী শনাক্ত হয়েছে। সিভিল সার্জন কার্যালয়, চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতাল ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগ সূত্রে এ তথ্য পাওয়া গেছে। গতকাল নতুন করে শনাক্ত হওয়া ২৪ জনের মধ্যে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ১৭ জন রোগী ভর্তি হয়েছে। আর বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন ৯৯ জন। আর গত ২৪ ঘন্টায় মহানগর ও জেলার বিভিন্ন হাসপাতালে ৭ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছে বলে নিশ্চিত করেছেন সিভিল সার্জন ডা. আজিজুর রহমান সিদ্দিকী। শনাক্ত ৭ জনের মধ্যে আগ্রাবাদ মা ও শিশু হাসপাতাল, বিআইটিআইডি, মেডিকেল সেন্টার ও পার্কভিউ হাসপাতালে ১ জন করে ৪ জন এবং লোহাগাড়া উপজেলায় ৩ জন রোগী ভর্তি হয়েছে বলে জানিয়েছেন সিভিল সার্জন কার্যালয়ের মেডিকেল অফিসার (রোগ নিয়ন্ত্রণ) ডা. নুরুল হায়দার।

তবে সিটি কর্পোরেশন জেনারেল হাসপাতালে গতকাল একজন রোগীও শনাক্ত হয়নি বলে জানিয়েছেন চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী। রোববার মোট ৩৭ জনের রক্ত পরীক্ষা করা হয়, তবে একজনের শরীরেও ডেঙ্গু ধরা পড়েনি বলে জানান তিনি। সবমিলিয়ে জানুয়ারি থেকে গতকাল পর্যন্ত মহানগরসহ চট্টগ্রাম জেলায় ৯৩৩ জন ডেঙ্গু রোগী শনাক্ত হয়েছে। এর মধ্যে গতকাল পর্যন্ত ১৩৫ জন রোগী হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। বাকি ৭৯৮ জন রোগী সুস্থ হয়ে বাসায় ফিরে গেছেন। তবে সিটি কর্পোরেশন জেনারেল হাসপাতালে এ পর্যন্ত প্রায় ৩০ জন ডেঙ্গু রোগী শনাক্ত হয়েছে। এই সংখ্যা যোগ করলে চট্টগ্রামে মোট আক্রান্তের সংখ্যা আরো কিছুটা বাড়ে। এদিকে, গত ২৪ ঘন্টায় চট্টগ্রাম বিভাগের সবকয়টি জেলায় ৮৪ জন ডেঙ্গু রোগী শনাক্ত হয়েছে বলে বিভাগীয় স্বাস্থ্য দফতর সূত্রে জানা গেছে।

## চট্টগ্রামে অনুষ্ঠান করবেন গিনেজ ওয়ার্ল্ড বুক রেকর্ডধারী সুদর্শন

চারটি গিনেজ ওয়ার্ল্ড বুক রেকর্ডধারী চট্টগ্রামের কৃতী সন্তান যুক্তরাজ্য প্রবাসী তবলা বিশারদ ব্যারিস্টার পণ্ডিত সুদর্শন দাশের একক পরিবেশনা আগামী বৃহস্পতিবার সন্ধ্যা ৬টায় থিয়েটার ইনস্টিটিউট মিলনায়তনে অনুষ্ঠিত হবে। ছোটদের সাংস্কৃতিক জগত শিশুমেলা এর আয়োজক।



*চারটি গিনেজ ওয়ার্ল্ড বুক রেকর্ডধারী পণ্ডিত সুদর্শন দাশ*

পণ্ডিত সুদর্শন দাশ ২০১৬ সালে একটানা ৫৫৭ ঘণ্টা ১১ মিনিট তবলা, ২০১৭ সালে একটানা ২৭ ঘণ্টা ঢোল, ২০১৮ সালে একটানা ১৪ ঘণ্টা ড্রাম রোল ও ২০১৯ সালে একটানা ১৪০ ঘণ্টা ৫ মিনিট ড্রাম সেট বাজিয়ে চার গিনেজ ওয়ার্ল্ড বুক রেকর্ডের অধিকারী হন। কৃতি এ শিল্পী এবারের ওয়ার্ল্ড মিউজিক ট্যুরে সিঙ্গাপুর ও ভারতে পরিবেশনা শেষে নিজ মাতৃভূমি বাংলাদেশের চট্টগ্রামের আয়োজনে অংশ নিবেন। প্রেস বিজ্ঞপ্তি।

## আয়কর বিষয়ে রচনা প্রতিযোগিতা

আজাদী প্রতিবেদন

নতুন প্রজন্মকে আয়কর বিষয়ে অধিকতর সচেতনতা ও জ্ঞানার্জনে উৎসাহিত করার লক্ষ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন করেছে চট্টগ্রাম কর অঞ্চল-৪। প্রতিযোগিতায় এই অঞ্চলের আওতাধীন বিভিন্ন বেসরকারি কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশ নিতে পারবে। কর অঞ্চল-৪ এর কর কমিশনার ব্যারিস্টার মুতাসিম বিল্লাহ ফারুকী দৈনিক আজাদীকে বলেন, আমরা চাই শিক্ষার্থীরা শিক্ষা জীবনেই আয়কর সম্পর্কে বিস্তারিত জানুক। জানলেই তারা ভবিষ্যতে আয়কর দিতে আগ্রহী হবে।

উল্লেখ্য, প্রতিযোগিতায় কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দুই ভাগে ভাগ করা হয়েছে। উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীরা 'ক' বিভাগে ও স্নাতক, স্নাতকোত্তর অথবা সমমান পর্যায়ের শিক্ষার্থীরা 'খ' বিভাগে প্রতিযোগিতা করবেন।

'ক' বিভাগের জন্য বিষয়বস্তু নির্ধারণ করা হয়েছে 'আয়করে প্রবৃদ্ধি, দেশ ও দশের সমৃদ্ধি'। শব্দ সংখ্যা অনধিক ৫০০। আর 'খ' বিভাগের বিষয়বস্তু হলো 'আয়কর প্রবৃদ্ধির মাধ্যমে সামাজিক ন্যায়বিচার ও ধারাবাহিক উন্নয়ন নিশ্চিতকরণ'। শব্দ সংখ্যা অনধিক ৭০০। আগামী ১৬ সেপ্টেম্বরের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ডাকবাক্সে লেখা জমা দেয়া যাবে। প্রতিযোগিতার ফলাফল ও পুরস্কার প্রদানের স্থান ও তারিখ কর অঞ্চল-৪ এর ওয়েবসাইটে দেয়া হবে।



*৩৮ নং ওয়ার্ডের ছয়টি রোডের উন্নয়ন কাজেন উদ্বোধন করেন ওয়ার্ড কাউন্সিলর গোলাম মোহাম্মদ চৌধুরী*

## ৩৮ নং ওয়ার্ডে ছয়টি রোডের উন্নয়ন কাজ উদ্বোধন

৩৮ নং ওয়ার্ডে ছয়টি রোডের উন্নয়ন কাজের উদ্বোধন করেছেন ৩৮ নং কাউন্সিলর গোলাম মোহাম্মদ চৌধুরী। উন্নয়ন কাজের উদ্বোধনী অনুষ্ঠানে গোলাম মোহাম্মদ চৌধুরী বলেন, আমি আমার এলাকার মানুষের ভালবাসা ও সহযোগিতা পেয়ে দুইবার কাউন্সিলর নির্বাচিত হয়েছি। নির্বাচিত হওয়ার পর থেকে প্রতিশ্রুতি অনুযায়ী এলাকায় কাজ করে যাচ্ছি। দলমত ধর্মবর্ণ নির্বিশেষে এলাকার সর্বস্তরের মানুষের সেবা করে যাচ্ছি। তিনি বলেন, এলাকার ছোট বড় প্রায় সড়কের উন্নয়ন কাজ সম্পন্ন করেছি। বাকি সড়কগুলোর উন্নয়ন কাজও ধারাবাহিকভাবে সম্পন্ন করব ইনশাআল্লাহ।

তিনি গতকাল রোববার চাঁন্দার পাড়া কবরস্থান গলি, চাঁন্দার পাড়া বিল্লা কুতুবের বাড়ির রোড, জমির কন্ট্রাক্টরের বাড়ির রোড, নোয়াপাড়া আজিজ ফকিরের বাড়ির রোড, ওয়াশীল চৌধুরী পাড়া বেচা গাজী বাড়ির রোডের উন্নয়ন কাজের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমাজ সেবক মোহাম্মদ মনজুর কাদের, হাজী এজহার মিয়া, মোহাম্মদ সালাহ উদ্দীন, মোহাম্মদ হোসেন, এছাক মেম্বার, গোলাম মোহাম্মদ মেম্বার, হাজী আবুল হাশেম মেম্বার, হাজী সেকান্দার মেম্বার, হাজী বাবুল মেম্বার, মোঃ ইমতিয়াজ মেম্বার,জাহেদ মেম্বার, জি. এম. আইনুদ্দিন টিপু মেম্বার, যুবলীগ নেতা আজম উদ্দীন, আওয়ামী লীগ নেতা মোহাম্মদ আকতার, মোঃ সালাহ উদ্দীন বাদশা, নুর মোহাম্মদ, মোঃ হিরু, শফি আলম বাদশা, মোঃ রাকিব, মোঃ ইকবাল চৌধুরী প্রমুখ। প্রেস বিজ্ঞপ্তি।

পড়ে অজ্ঞাত পরিচয়ের এক যুবকের মৃত্যু হয়েছে। গতকাল রোববার বিকেল পৌনে ৫টার দিকে পলোগ্রাউন্ডের বিপরীতে এ দুর্ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, কানে হেডফোন লাগিয়ে রেললাইনের উপর দিয়ে হেঁটে যাওয়ার সময় পেছন থেকে আসা ট্রেনের নিচে চাপা পড়েন তিনি। এরপর তার পা-মাথা-মুখমন্ডলের ওপর দিয়ে ট্রেনের চাকা চলে যায়। চট্টগ্রাম রেলওয়ে থানার ওসি মোস্তাফিজুর রহমান ভূঁইয়া আজাদীকে জানান, সোয়া পাঁচটার দিকে খবর পেয়ে মরদেহটি উদ্ধার করা হয়। তার পরিচয় এখনো জানা যায়নি। মরদেহ শনাক্তের চেষ্টা করছি। এ ঘটনায় অপমৃত্যু মামলা দায়েরের প্রক্রিয়া চলছে বলে জানান ওসি।

### ডিজিটাল নিরাপত্তা আইন

## জামিন পেলেন গার্লস প্রায়োরিটির অ্যাডমিন তাসনুভা

আজাদী প্রতিবেদন

ডিজিটাল নিরাপত্তা আইনে নগরের পাঁচলাইশ থানায় দায়ের হওয়া মামলায় ফেসবুক গ্রুপ গার্লস প্রায়োরিটির অ্যাডমিন তাসনুভা আনোয়ার জামিন পেয়েছেন। গতকাল রোববার মহানগর হাকিম শফি উদ্দিনের আদালত তার জামিন মঞ্জুর করেন। এর আগে গত বুধবার মহানগর হাকিম আবু সালেম মোহাম্মদ নোমানের আদালতে আত্মসর্মপণ করলে বিচারক তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন।

উল্লেখ্য, গত ২৬ মে হালিশহরের ইসতিয়াক হাসান তার স্ত্রীর ফেসবুক আইডি হ্যাক করে প্রতারণার অভিযোগে ডিজিটাল নিরাপত্তা আইনে পাঁচলাইশ থানায় একটি মামলা করেন। এই মামলায় তাসনুভা উচ্চ আদালত থেকে আট সপ্তাহের জামিনে ছিলেন। মহানগর পুলিশের সহকারী কমিশনার (প্রসিকিউশন) কাজী শাহাবুদ্দিন আহমেদ বলেন, কারাগারে থাকা তাসনুভা আনোয়ারের পক্ষে তার আইনজীবী জামিনের আবেদন করলে শুনানি শেষে আদালত তার জামিন মঞ্জুর করেন।

## দর্পণ সাহিত্য ও সাংস্কৃতিক সংঘের প্রমিত উচ্চারণ ও আবৃত্তি কর্মশালা উদ্বোধন

দর্পণ সাহিত্য ও সাংস্কৃতিক সংঘের দু'মাসব্যাপী কর্মশালা গতকাল থিয়েটার ইনস্টিটিউট চট্টগ্রাম মিলনায়তনে উদ্বোধন করা হয়েছে। বাচিকশিল্পী নাহিদ নেওয়াজের সভাপতিত্বে এতে প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে উক্ত অনুষ্ঠানের উদ্বোধন করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সমাজতত্ত্ব বিভাগের সহকারী অধ্যাপক ড. হানিফ মিয়া। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কমিশনার অব ট্যাক্স চট্টগ্রাম ইকবাল হোসেন, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ ইউসুফ হোসেন ভুঁইয়া, সাহিত্য ও সংস্কৃতি অনুরাগী জহিরুল আলম এবং কবি শাহেদা নাসরিন। স্বাগত বক্তব্য রাখেন দর্পণের সাংগঠনিক সম্পাদক আফজাল হোসাইন।

কর্মশালার ১ম ক্লাসে প্রশিক্ষণ প্রদান করেন কথাসাহিত্যিক, মোটিভেশনাল স্পিকার বাদল সৈয়দ। অনুষ্ঠানে আবৃত্তি করেন নন্দিনী প্রাচী এবং মেহেদী হাসান। কর্মশালার আহ্বায়ক ছিলেন মোরশেদুল ইসলাম এবং তৌহিদুল ইসলাম। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন জাকিয়া মাহবুব রাফা ও মৃদুল ইসলাম। কর্মশালায় প্রায় শতাধিক প্রশিক্ষণার্থী অংশ নেন। প্রেস বিজ্ঞপ্তি।